# ইসলামিক রিলিফ বাংলাদেশ
# চাইল্ড রাইটস্ প্রোগ্রাম

# শিশু ক্লাব পরিচালন নির্দেশিকা

চাইল্ড রাইটস্ টীম
ইসলামিক রিলিফ বাংলাদেশ

**চাইল্ড রাইটস্ কর্মসূচি:**

ইসলামিক রিলিফ বাংলাদেশ ১৯৯২ সাল থেকে শিশু অধিকার ও সুরক্ষা নিয়ে এদেশে কাজ করে আসছে। প্রায় দুদশকের অভিজ্ঞতার আলোকে সংস্থাটি শিশুদের বিশেষ করে এতিম শিশুদের সাথে কাজ করার জন্য একটি শক্তিশালী অবস্থান তৈরি করেছে। এতিম শিশুদের অধিকারকে কেন্দ্র করে বাস্তবায়িত সংস্থাটির সমন্বিত কমিউনিটি ভিত্তিক কর্মসূচি সম্প্রতি ব্রিটিশ ওভারসিজ এনজিওস ফর ডেভেলপমেন্ট (বিওএনডি) [British Overseas NGOs for Development (BOND) ইন্টারন্যাশনাল অ্যাওয়ার্ড - ২০১৯ দ্বারা স্বীকৃত হয়েছে। ইসলামিক রিলিফ বাংলাদেশ দুস্থ, অসহায় ও সর্বাধিক ঝুঁকিপূর্ণ শিশুদের অধিকার সুরক্ষায় কমিউনিটিভিত্তিক সমন্বিত পরিচর্যা এবং সহায়তা কার্যক্রম পরিচালনা ও উন্নয়নের জন্য শক্তিশালী এ্যাডভোকেসি কার্যক্রম পরিচালনা করে। এতিম শিশুদের অধিকার সুরক্ষা সংক্রান্ত কাজ করার পাশাপাশি, আমরা বিপজ্জনক বা প্রতিকূল পরিবেশে বসবাস করে এমন শিশুদের সাথেও কাজ করি। আমরা জাতিসংঘের শিশু অধিকার সনদ (ইউএনসিআরসি-১৯৮৯) অনুসারে শিশুদের অধিকারকে লালন করি এবং এই সনদ অনুসারে শিশুদের অধিকার সুরক্ষার জন্য এ্যাডভোকেসি সংক্রান্ত কার্যক্রম পরিচালনা করি। ইসলামিক রিলিফ বাংলাদেশ কমিউনিটি ও স্থানীয় সরকার প্রতিষ্ঠানের সাথে কাজ করে এবং কর্মসূচি ভিত্তিক উদ্ভাবনী সমাধান তৈরি করে যা টেকসই উপায়ে শিশুদের অধিকার নিশ্চিত করতে পারে। বর্তমানে চাইল্ড রাইটস্ কর্মসূচির আওতায় ৭০০০ এর অধিক শিশু প্রত্যক্ষ সুবিধাভোগি হিসেবে আমাদের সাথে সম্পৃক্ত যাদের ব্যাংক হিসাবে প্রতিবছর বাৎসরিক ১৯ কোটির বেশি নগদ টাকা প্রদান করা হয়।

**চাইল্ড রাইটস্ প্রোগামের আওতায় যা করা হয়:**

- বাংলাদেশের এতিম এবং অন্যান্য অসহায়/দুস্থ শিশুদের অধিকার সুরক্ষার জন্য উদ্ভাবনী প্রোগ্রাম্যাটিক মডেল তৈরি করা
- শিশুদের অধিকার, সুরক্ষা ও এতদসংক্রান্ত কার্যক্রমকে বেগবান করার জন্য শিশুদের কাছের পরিচর্যাকারী হিসেবে পরিবার ও কমিউনিটিকে শক্তিশালী করা
- শিশুদের অধিকার ও সুরক্ষা নিশ্চিত করার জন্য সুশীল সমাজ, জাতীয় ও স্থানীয় পর্যায়ের সরকারী বেসরকারী প্রতিষ্ঠানের সাথে এ্যাডভোকেসি কার্যক্রম পরিচালনা করা
- শিশুদের অংশগ্রহণে পদ্ধতি ও সংগঠন উন্নয়নের মধ্যে দিয়ে শিশুদের কণ্ঠকে শক্তিশালী করা
- শিশুদের সর্বোত্তম স্বার্থ নিশ্চিত করার জন্য কর্মসূচি উন্নয়ন করা এবং তাদের প্রাপ্য অধিকার ও সুরক্ষা সংক্রান্ত বিষয়াবলী নিশ্চিত করার জন্য কমিউনিটি ও ডিউটি বেয়ারারদেরকে সচেতন ও সক্ষম করে তোলা

**চাইল্ড রাইটস্ প্রোগামের আওতাধীনে পরিচালিত কর্মসূচি:**

শিশুদের বিশেষ করে এতিম শিশুদের অধিকার সুরক্ষার জন্য চাইল্ড রাইটস্ প্রোগামের আওতাধীনে নানারকম কর্মসূচি পরিচালনা করা হয়। অরফান স্পন্সরশীপ প্রোগ্রাম (ওএসপি) এই ইউনিটের একটি মূল কর্মসূচি। এ কর্মসূচিকে ইসলামিক রিলিফ বাংলাদেশ এর ফ্ল্যাগশীপ প্রোগ্রাম হিসেবে বিবেচনা করা হয়। এই ইউনিটের আওতায় যে সকল প্রকল্প বর্তমানে পরিচালিত হচ্ছে;

- কমিউনিটি বেইজড অল্টারনেটিভ চাইল্ড কেয়ার মডেল: Orphan Sponsorship Programme (OSP)
- অল্টারনেটিভ অরফ্যান ফ্যামিলি স্পন্সরশীপ প্রোগ্রাম থ্রো সাসটেইনেবল লাইভলিহুড (আলো- প্লাস)
  Alternative Orphan Family Sponsorship Programme Through Sustainable Livelihood (ALO – Plus)
- অল্টারনেটিভ অরফ্যান ফ্যামিলি স্পন্সরশীপ প্রোগ্রাম থ্রো সাসটেইনেবল লাইভলীহুড (আলো- ওয়াক্ফ)
- Alternative Orphan Family Sponsorship Programme Through Sustainable Livelihood (ALO – Waqf)
- প্রিভেন্টিং আর্লি ম্যারেজ ইন বাংলাদেশ
  Preventing Early Marriage in Bangladesh
- ওম্যান এমপাওয়ারমেন্ট থ্রো ট্রেনিং
- Women Empowerment Through Training

এই সকল কর্মসূচির একটি অতীব গুরুত্বপূর্ণ উপাদান হলো শিশু ক্লাব বা চাইল্ড ক্লাব। কারণ এই কার্যক্রম বাস্তবায়নের মাধ্যমে শিশুদেরকে শিখনের সুযোগ তৈরি করে দেয়ার পাশাপাশি নানাবিধ বিষয়ে প্রশিক্ষিত করা যায়। ফলে তারা বিভিন্ন বিষয়ে দক্ষতা অর্জন করতে পারে যা তাদের আত্ম-উন্নয়ন ও ভবিষ্যৎ আত্ম-নির্ভরশীলতা অর্জনের ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে। নিচে শিশু ক্লাব পরিচালন ও ব্যবস্থাপনা বিষয়ে আলোচনা করা হলো:

**শিশু ক্লাব কী?**

কর্ম এলাকার কোন একটি ইউনিটে যে সকল শিশু কর্মসূচির সাথে সম্পৃক্ত তাদের সমন্বয়ে একটি দল তৈরি করা এবং উক্ত দলকে কমিউনিটির কোন নির্দিষ্ট স্থানে একত্রিত হওয়ার প্রয়োজনীয় ব্যবস্থা করে তাদেরকে শিখন, বিনোদন, সংস্কৃতি ও অন্যান্য বিষয়ের চর্চা করার সুযোগ তৈরি করা। আর এই সকল কার্যক্রমের মধ্যে দিয়ে তাদের দৃষ্টিভঙ্গি তথা জীবন মানের ইতিবাচক পরিবর্তন আনা।

**শিশু ক্লাব প্রতিষ্ঠার উদ্দেশ্য:**

- ❖ শিশুদেরকে অবসর সময় কাটানোর জন্য একটি শিশু বান্ধব পরিবেশ প্রদানে সহায়তা করা
- ❖ শিশুরা যেন বই পড়া, খেলাধুলা ও স্থানীয় সাংস্কৃতিক চর্চার সুযোগ পায় তার ব্যবস্থা করা
- ❖ শিশুদেরকে বিভিন্ন স্বাস্থ্যগত, সামাজিক, সাংস্কৃতিক ও অন্যান্য নানা বিষয়ক জ্ঞান দক্ষতা ও অর্জনে সহায়তা করা
- ❖ শিশুদেরকে সামাজিকীকরণ প্রক্রিয়ায় যুক্ত করা
- ❖ গুনগত জীবন যাপনের ক্ষেত্রে নানা রকম দক্ষতা উন্নয়নে সহায়তা করা
- ❖ বয়স অনুসারে শিশুকে বিভিন্ন কার্যক্রমে অংশগ্রহণের মানসিকতা গড়ে তোলার সুযোগ তৈরি করা
- ❖ পরমতসহিষ্ণুতা তথা সহযোগিতার মনোভাব সম্পন্ন মানুষ হিসেবে গড়ে উঠতে সহায়তা করা
- ❖ জীবন দক্ষতা অর্জনে সহায়তা করা
- ❖ শিশুদেরকে অধিকার ও সুরক্ষার বিষয়ে সচেতন করা
- ❖ সর্বোপরি আত্ম-নির্ভরশীল হয়ে বড় হতে সহায়তা করা, ইত্যাদি

**শিশু ক্লাব গঠন:**

কর্ম এলাকার একটি ছোট ইউনিটের (ওয়ার্ড, গ্রাম, পাড়া, মহল্লা) আওতাভুক্ত সুবিধাভোগি শিশুদের নিয়ে একটি শিশু ক্লাব গঠন করা হবে। এছাড়াও, সংশ্লিষ্ট কমিউনিটির কোন আগ্রহী শিশু যদি বয়স ও অন্যান্য নির্ণায়কের (ক্রাইটারিয়ার) আলোকে উপযুক্ত বিবেচিত হয় তাহলে তাকে সদস্য হিসেবে অর্ন্তভুক্ত করা যেতে পারে। তবে সেই শিশু প্রকল্পের আওতাধীনে কোন আর্থিক সহায়তা ও অন্যান্য সহায়তা (প্রকল্পের অনুমোদন সাপেক্ষে যদি কোন সহায়তা দেয়া সম্ভব হয় তাহলে দেয়া যেতে পারে) প্রাপ্ত হবে না।

**শিশু ক্লাব /ঘর বা বসার স্থান:**

**শিশু ক্লাব** ঘর কমিউনিটি থেকে ব্যবস্থা করতে হবে। কমিউনিটির কারও বাড়িতে একটি ঘরে, ঘরের বারান্দায় (যেখানে প্রাইভেসি/গোপনীয়তা রক্ষা করা সম্ভব), কোন বৈঠক খানায় (যেখানে গোপনীয়তা রক্ষা করা সম্ভব), কোন ক্লাব ঘরে, কোন স্কুল ঘরে বা কমিউনিটির দেয়া কোন স্থানে **শিশু ক্লাব** কার্যক্রম পরিচালিত হতে পারে। তবে কেন্দ্রের বসার স্থানটি- / ঘরটি নির্দিষ্ট করার জন্য যে বিষয়গুলো বিবেচনায় নিতে হবে;

- সকল শিশুদের বাসস্থান থেকে মাঝামাঝি অবস্থানে হতে হবে
- ২০-২৫ জন শিশু বসার জন্য পর্যাপ্ত পরিমাণ জায়গা থাকতে হবে
- ঘরটিতে যেন পর্যাপ্ত পরিমাণে আলো বাতাস প্রবেশ করতে হবে
- যদিও ঘরটি/ব্যবস্থাটি কমিউনিটি কর্তৃক প্রদানকৃত তবুও শিশু ক্লাব প্রকৃত নিয়ন্ত্রণ প্রকল্পের হাতে থাকতে হবে
- বড় রাস্তা বা মহাসড়কের পাশে যেন না হয়
- দূর্গন্ধ ছড়ায় (আবর্জনার স্তুপ, গোয়াল ঘর ইত্যাদির) কাছাকাছি থাকতে পারবে না
- বর্ষায় বা বৃষ্টিতে সমস্যা হয় না এমন স্থান বা ঘর শিশু ক্লাবের জন্য নির্বাচন করতে হবে

**একটি শিশু ক্লাব চালু করার জন্য যে সকল কাজ করতে হবে:**

- শিশু নির্বাচন
- স্থান নির্বাচন
- কমিউনিটির সাথে যোগাযোগ
- কমিউনিটি ও শিশুদের সাথে শিশু ক্লাব পরিচালনা, ব্যবস্থাপনা ও অন্যান্য সার্বিক বিষয়ে আলোচনা
- শিশু ক্লাব পরিচালনাকারী বা শিশু নেত্রী/ নেতা নির্বাচন করা
- শিশু ক্লাব পরিচালনাকারীর প্রশিক্ষণ প্রদান
- শিশু ক্লাবের জন্য প্রয়োজনীয় উপকরণ যেমন; বিভিন্ন রকম রেজিস্টার (উপস্থিতি, বই লেনদেন, স্টক ইত্যাদি) বই, খেলার সামগ্রী ও অন্যান্য উপকরণ ক্রয় ও বিতরণ
- শিশু ক্লাব পরিচালনা কমিটি তৈরি করা
- শিশু ক্লাব উদ্বোধন ও পরিচালনা করা

**শিশু ক্লাব পরিচালনা ও ব্যবস্থাপনা:**

শিশু ক্লাব পরিচালনা ও ব্যবস্থাপনার জন্য দু'জন মেয়ে শিশু ক্লাব পরিচালনার জন্য নেতা হিসেবে প্রশিক্ষণ প্রদান করতে হবে। এই দু'জনের মধ্যে একজন হবে দল নেতা এবং একজন হবে উপ-দল নেতা। এছাড়াও শিশু ক্লাব সার্বিক ব্যবস্থাপনার জন্য ৫ সদস্য বিশিষ্ট একটি কমিটি থাকবে। এই কমিটি হবে নিম্নরূপ:

১. সভাপতি - কমিউনিটির একজন বিদ্যোৎসাহি মহিলা/পুরুষ
২. সেক্রেটারী- ক্লাবের নেত্রী (পদাধীকার বলে)
৩. সদস্য - একজন মাতা (সদস্যদের মা)
৪. সদস্য - একজন মাতা (সদস্যদের মা)
৫. সদস্য - শিশু ক্লাবের একজন সদস্য

এই ব্যবস্থাপনা কমিটি শিশু ক্লাবের সার্বিক বিষয় দেখাশোনার জন্য নিয়োজত থাকবে এবং স্থানীয় কোন সমস্যা সমাধান করবেন। উল্লেখ্য, প্রতি দুই মাস অন্তর এই কমিটি সভা করবে ক্লাবের সার্বিক বিষয়ে আলোচনা করার প্যাশাপাশি উন্নয়নের জন্য কার্যক্রম পরিচালনা করবে।

**শিশু ক্লাব পরিচালনার সময়:**

শিশু ক্লাব কার্যক্রম সপ্তাহের একটি নির্দিষ্ট দিনে কম পক্ষে ২ ঘন্টার জন্য চলবে। ক্লাব চলার দিন নির্দিষ্ট করতে হবে স্থানীয় প্রেক্ষাপটের ভিত্তিতে শিশু ও কমিউনিটির লোকজনের সম্মতিতে। তবে কর্মীর তত্ত্বাবধায়নের সুবিধার্থে তার আওতাধীনে পরিচালিত শিশু ক্লাব সমূহকে বিভিন্ন বারে ভাগ করে দিতে হবে। যেমন; কোন কর্মীর যদি ৫টি ক্লাব থাকে তাহলে তাকে সপ্তাহের পাঁচটি বার - রবি, সোম, মঙ্গল, বুধ, বৃহস্পতি বারে ভাগ করে দিতে হবে। ৫ টির অধিক ক্লাব থাকলে একই দিনে ২/৩টি ক্লাবের কার্যক্রমও পরিচালিত হতে পারে। তবে শিশু ক্লাবের বসার দিন অবশ্যই কর্মী, শিশু ও কমিউনিটির সুবিধামাফিক হতে হবে। শিশু ক্লাব যেহেতু ছেলে ও মেয়ে শিশু থাকবে ফলে ক্লাবটিতে ছেলে ও মেয়ে শিশুদের জন্য পৃথক ব্যবস্থা থাকতে হবে। প্রয়োজনে পৃথক দিনেও শিশু ক্লাব কার্যক্রম পরিচালনা করা যেতে পারে।

**শিশু ক্লাব নিয়মিত কার্যক্রম:**

নিম্ন লিখিতভাবে কেন্দ্রের কার্যক্রম পরিচালিত হবে। তবে স্থানীয় প্রেক্ষাপট, চাহিদা ও কর্মসূচির গূণগত মানোন্নয়নের স্বার্থে কর্মসূচিতে পরিবর্তন আনা যেতে পারে।

- উপস্থিতির রেজিষ্টার:
  শিশুরা ক্লাবে আসার পর উপস্থিতি নিশ্চিত করার জন্য উপস্থিতি রেজিষ্টারে স্বাক্ষর করবে।

- বই পড়া ও বই লেনদেন:
  শিশুরা ক্লাবে আসার পর তার পছন্দমাফিক বই পড়তে পারে। বাড়িতে নেয়া বইটি জমা দিতে পারে এবং আগামী সপ্তাহের জন্য একটি বই নিয়ে যেতে পারে। এর জন্য একটি বই লেনদেন রেজিষ্টার থাকবে। রেজিস্টারে বই লেনদেনের তথ্য লিখিত থাকবে
- খেলাধুলা:
  প্রতিটি ক্লাবে শিশুদের খেলার জন্য উপকরণ যেমন; লুডু, দাবা, ক্যারম, বাগাডুলি বা অন্যান্য উপকরণ থাকবে। এছাড়াও ক্রিকেট, ফুটবল বা অন্যান্য খেলার সামগ্রীও কেন্দ্রগুলোতে থাকতে পারে। শিশুরা এই সকল উপকরণ বা খেলার সামগ্রী নিয়ে খেলাধূলা করবে।
- সাংস্কৃতিক অনুষ্ঠান:
  শিশুরা বয়সোপযোগী গান, ছড়া, কবিতা আবৃত্তি, বির্তক, গল্প বলা ইত্যাদি করবে ক্লাব চলাকালীন সময়ে
- বিষয়-ভিত্তিক আলোচনা:
  শিশুরা কর্মীর উপস্থিতিতে বা নিজেরা বা কমিউনিটির দক্ষ কারও সহায়তায় যে কোন সামাজিক, স্বাস্থ্যগত বা অন্য কোন বিষয়ে আলোচনা করতে পারে। শিশুরা স্থানীয় কোন সমস্যা বা তার সমাধান নিয়েও এই সময় আলোচনা করতে পারে। তবে আলোচনার সময় কোন সংবেদনশীল আলোচনার ক্ষেত্রে ছেলে ও মেয়ে শিশুদেরকে প্রয়োজনে পৃথক করতে হবে। যেমন; বয়সন্ধিকালের আলোচনা, স্থানীয় কোন সমস্যা এড়ানোর জন্য ছেলে ও মেয়ে শিশুদের সাথে পৃথকভাবে আলোচনা করাই শ্রেয়।
- শিশুদের মিথস্ক্রিয়ার সুযোগ:
  শিশুরা একে অপরের সাথে গল্প করবে নানা বিষয়ে আলোচনা করবে
- এলাকা বা অন্য কোন উন্নয়নে সহায়তা করা:
  নিজেদের এলাকার উন্নয়নে সহযোগিতা করা ও ভয়েস রেইজ করা

**একটি শিশু ক্লাবের দৈনন্দিন কাযক্রম নিম্ন লিখিতভাবে হতে পারে:**

- ✓ খলা ধুলা ক্লাব কার্যক্রম শুরুর প্রথম ৩০ মিনিট
- ✓ বিষয় ভিত্তিক আলোচনা ৩০ মিনিট
- ✓ বই পড়া ৩০ মিনিট
- ✓ মুক্ত আলোচনা বা একে অন্যের সাথে মিথস্ক্রিয়া/ আলোচনা/ গল্প করা ১৫ মিনিট
- ✓ অন্যান্য ১৫ মিনিট

**শিশু ক্লাবের অনিয়মিত কার্যক্রম:**

নিত্যদিনের কার্যক্রম ছাড়াও শিশু ক্লাবের উন্নয়ন তথা দীর্ঘমেয়াদী ইতিবাচক প্রভাব আনয়নের ক্ষেত্রে ক্লাবগুলো ঘিরে কিছু কার্যক্রম পরিচালিত হবে। নিম্ন লিখিত কার্যক্রমগুলি পরিচালনার জন্য বিবেচনা করা যেতে পারে।

- জীবন দক্ষতা ও আয়বৃদ্ধি কার্যক্রম সংক্রান্ত প্রশিক্ষণ/ আলোচনা
- স্বাস্থ্য, পুষ্টি, অর্থ ব্যবস্থাপনা ও অন্যান্য সামাজিক বিষয়ে প্রশিক্ষণ/আলোচনা
- বই পড়া প্রতিযোগিতা
- খেলার প্রতিযোগিতা
- বির্তক প্রতিযোগিতা
- সাংস্কৃতিক প্রতিযোগিতা
- সচেতনতা বৃদ্ধিমূলক কর্মসূচি পরিচালনা ( যেমন; শিশু দিবসে র‍্যালি, উপস্থিত বক্তৃতা ইত্যাদি)
- এলাকার উন্নয়ন বা কোন সামাজিক সমস্যা সমাধানে অংশগ্রহণ করা। যেমন; এলাকায় একটি সাঁকো ভেঙ্গে গেছে শিখন কেন্দ্রের সদস্যরা কমিউনিটির সহায়তায় তা তৈরি করা। এলাকার একটি রাস্তা মেরামত করা। এলাকার একটি শিক্ষা প্রতিষ্ঠান, মসজিদ, মন্দির বা গীর্জা পরিষ্কার করা ইত্যাদি।

**বি:দ্র:** যে কোন প্রতিযোগিতার ক্ষেত্রে আন্ত: ক্লাব, কর্ম এলাকা যেমন, ইউনিয়ন, উপজেলা ইত্যাদি বিবেচনা করা যেতে পারে।

**একটি ভালো শিশু ক্লাবের বৈশিষ্ট্য:**

যে সকল বিষয়াবলী একটি শিশু ক্লাবকে ভালো কেন্দ্র হিসেবে বিবেচিত করতে পারে সেগুলো হলো:

- ক্লাব তৈরির সকল উদ্দেশ্যে অর্জিত হয়
- ক্লাবের সদস্যারা অঙ্গিকারবদ্ধ
- সকল সদস্য সক্রিয়
- সকল সদস্য তাদের দায়িত্ব কর্তব্য সম্পর্কে অবগত
- সকল সদস্য তাদের দায়িত্ব পালন করে
- সকল সদস্য নিয়মিত উপস্থিত হয়
- সকল সদস্য কেন্দ্রের কার্যক্রমে অংশগ্রহণ করে
- কমিউনিটি কেন্দ্রের কার্যক্রমে সক্রিয় অংশগ্রহণ করে
- সকল নিয়মনীতি অনুসরণ করে কেন্দ্র পরিচালিত হয়
- তত্ত্বাবধায়নকারী কর্মী কেন্দ্রের সার্বিক বিষয়ে অবগত ও প্রয়োজনীয় সহযোগিতা করে
- তত্ত্বাবধায়নকারী কর্মী কেন্দ্রের সার্বিক বিষয় উন্নয়নের জন্য সৃজনশীল ও উদ্ভাবনী চিন্তা করে ও তা বাস্তবায়ন করে।
- কেন্দ্রটি কমিউনিটির উন্নয়নে বা সেবামূলক কোন কার্যক্রমে অংশগ্রহণ করে।
- কেন্দ্রটি সকল সময়ে সৃজনশীল কোন কার্যক্রম পরিচালিত করতে উৎসাহিত হয়।

**কার্যকর শিশু ক্লাব তৈরি:**

সহজ কিছু পদক্ষেপ গ্রহণের মাধ্যমে কোন শিশু ক্লাবকে কার্যকর করা যায়। এ উদ্দেশ্যে নিম্নে উল্লেখিত বিষয়গুলো বিবেচনায় রাখতে হবে:

- একে অপরকে সহযোগিতা করা
- ধারণা শেয়ার/বিনিময় করা
- সঠিক সময় ব্যবস্থাপনা করা
- সদস্যদেরকে উৎসাহ, উদ্দীপনা প্রেরণা দেয়া
- সকল সদস্যদেরকে নানা কার্যক্রমে নিয়মিত করা
- ক্লাবের সকল সদস্যদের স্বার্থ সুরক্ষা করা
- সঠিক ও কার্যকর যোগাযোগ রক্ষা করা
- কমিউনিটির অংশগ্রহণ নিশ্চিত করা
- ক্লাব ভিত্তিক সঠিক কার্যক্রম গ্রহণ

**ক্লাব পরিচালনার জন্য নেতৃত্ব:**

ক্লাবের নিয়মিত কার্যক্রমসহ অন্যান্য কার্যক্রম সঠিক ও সুন্দরভাবে সম্পন্ন করার জন্য একজন দক্ষ ছেলে/মেয়ে শিশুকে/ শিশু ক্লাব পরিচালনা করার জন্য নেতা হিসেবে নির্বাচিত করতে হবে। এই নেতা ক্লাবের সকল কর্মকান্ড পরিচালনা থেকে শুরু করে ক্লাবের বিভিন্ন অনুষ্ঠান ও উন্নয়ন সংক্রান্ত কার্যাবলী পরিচালনা ও এসকল কাজ সম্পন্ন করার জন্য সুনির্দিষ্ট কর্মীকে সহায়তা প্রদান করবেন। যে সকল বৈশিষ্টের বিবেচনায় ক্লাবের নেতা নির্বাচন করা যেতে পারে:

- সদস্যদের মধ্যে সবথেকে বয়োজ্যেষ্ঠ হলে ভালো হয়
- কমপক্ষে ৫ম/৬ষ্ঠ শ্রেণি পাশ হতে হবে
- স্বেচ্ছায় ও বিনা পারিশ্রমিকে কাজ করার মানসিকতা থাকতে হবে
- প্রশিক্ষণে অংশগ্রহণের জন্য আগ্রহী  হতে হবে
- অন্যান্য শিশুদের সাথে কাজ করার মানসিকতা থাকতে হবে

- বই লেনদেন রেজিষ্টার মেইনটেইন করার  যোগ্যতা থাকতে হবে
- অন্যকে উদ্বুদ্ধ করার সক্ষমতা সম্পন্ন হতে হবে
- বই পড়া, খেলাধুলা, সাংস্কৃতিক ও অন্যান্য বিনোদনমূলক কর্মকান্ডে অংশগ্রহণ ও পরিচালনা করার মানসিকতা থাকতে হবে
- নিয়মিত লেখাপড়া করার মানসিকতা থাকতে হবে
- প্রশিক্ষণ গ্রহণ ও পরিচালনার জন্য সম্মতি থাকতে হবে
- নিয়মিত সভা পরিচালনায় দক্ষতা সম্পন্ন হতে হবে
- ক্লাব ও অফিসের নিয়মাবলী মেনে চলার মানসিকতা থাকতে হবে

**নেতার কাজঃ**

একটি শিশু ক্লাব সুন্দরভাবে পরিচালনার ক্ষেত্রে একজন নেতার ভূমিকা অপরিসীম। একজন দক্ষ নেতা তার কর্ম ও অন্যান্য দক্ষতা দিয়ে একটি ক্লাব সঠিক নিয়মে ভালোভাবে পারচালনা করতে পারেন। শিশু ক্লাব পরিচালনার ক্ষেত্রে একজন নেতা যে সকল দায়-দায়িত্ব সমূহ পালন করবে;

- ক্লাবের কার্যক্রম পরিচালনার দিনে কার্যক্রম শুরুর ১৫ মিনিট পূর্বে কেন্দ্রে আসবে
- বই লেনদেনসহ অন্যান্য কার্যক্রম পরিচালনা করবে
- অন্যান্য শিশুদের উপস্থিতি নিশ্চিত করার জন্য প্রয়োজনীয় যোগাযোগ করবে
- ক্লাবের শিশুদের সাথে যোগাযোগ রক্ষা করবে
- ক্লাবের মাসিক সভায় অংশগ্রহণ করবে
- এলাকার সকলের / কমিউনিটির লোকজনের সাথে যোগাযোগ রক্ষা করবে
- দায়িত্বপ্রাপ্ত কর্মীর সাথে নিয়মিত যোগাযোগ রক্ষা করবে। ক্লাবের সার্বিক উন্নয়ন কার্যক্রম তথা ক্লাবের সকল কার্যক্রম ভালোভাবে পরিচালনার জন্য ভূমিকা রাখবে
- প্রশিক্ষণে অংশগ্রহণ করবে ও প্রযোজ্য ক্ষেত্রে অন্যান্যদের জন্য প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনা করবে
- ক্লাবের যে কোন সমস্যা সমাধানে অগ্রনী ভূমিকা রাখতে এবং একইসাথে সংশ্লিষ্ট কর্মীকে ক্লাবের সার্বিক বিষয়ে অবহিত করবে

**শিশু ক্লাব পরিচালনার ক্ষেত্রে তত্ত্বাবধায়নকারী কর্মীর ভূমিকাঃ**

একজন কর্মীর দক্ষতার উপর একটি শিশু ক্লাবের উন্নয়ন ও অগ্রগতি নির্ভর করে। একজন কর্মী ক্লাবের উন্নয়নসহ অগ্রগতির জন্য যে ভূমিকা পালন করতে পারে।

- ক্লাবের সদস্য নির্বাচিত করা
- ক্লাবের ঘর/ বসার স্থান সুনির্দিষ্ট করা
- নির্দিষ্ট দিনে শিশু ক্লাবের কার্যক্রম পরিচালনা নিশ্চিত করা
- নিয়মিত শিশু ক্লাব তত্ত্বাবধান/পরিদর্শন করা
- ক্লাবের সকল কর্মকান্ড সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে কিনা তা দেখা
- ক্লাব ভিত্তিক নানা প্রতিযোগীতামূলক কার্যক্রমের আয়োজন করা
- ক্লাবের নিয়মিত মিটিং নিশ্চিত করা
- ক্লাব পরিচালনাকারী নেতার দক্ষতা উন্নয়নে প্রশিক্ষণ প্রদান করা
- ক্লাবের অন্যান্য সদস্যদের জন্য প্রয়োজনীয় প্রশিক্ষণ, রিফ্রেশার্স, ওয়ার্কশপ ইত্যাদির আয়োজন ও পরিচালনা করা
- ক্লাবের সরবরাহকৃত বই, খেলার সামগ্রী, খাতা-পত্র ও অন্যান্য সরঞ্জামের সঠিক ব্যবহার ও সংরক্ষণ নিশ্চিত করা

**শিশু ক্লাব পরিদর্শনকালীন একজন কর্মীর কাজঃ**

শিশু ক্লাব তত্ত্বাবধায়নের সময় একজন কর্মী নিম্নে উল্লেখিত বিষয়গুলো পরিদর্শন/চেক করতে পারেনঃ

- ক্লাবটি সঠিক / নির্দিষ্ট সময়ে শুরু হয়েছে কিনা?
- ক্লাবের সকল সদস্য উপস্থিত আছে কিনা?
- ক্লাবের সকল কার্যক্রম (যেমন; বই লেনদেন, খেলাধুলা বা সাংস্কৃতিক কোন অনুষ্ঠান ইত্যাদি) সঠিকভাবে এবং সময়মত সম্পন্ন হয় কিনা?
- বই লেনদেনের তথ্য রেজিষ্টার খাতায় সঠিকভাবে লিপিবদ্ধ হয় কিনা?
- হাজিরা খাতায় সকলে স্বাক্ষর করে কিনা?
- কমিউনিটির অংশগ্রহণ আছে কিনা?
- নেতা সঠিকভাবে দায়-দাযিত্ব পালন করে কিনা?
- ক্লাবটি উন্নয়নের জন্য অগ্রাধীকারযোগ্য বিষয়গুলো চিহ্নিত করা হয় কিনা?
- নেতাকে প্রয়োজনীয় সহযোগিতা করা (কেন্দ্রের যেকোন কার্যক্রম পরিচালনা ও উন্নয়নের স্বার্থে)
- ক্লাবের সার্বিক বিষয়গুলো দেখা
- ক্লাবের সরবরাহকৃত সামগ্রী (বই, খেলার সামগ্রী ও অন্যান্য সরঞ্জাম) সঠিকভাবে ব্যবহার হয় কিনা?
- ক্লাবের উদ্ভুত কোন সমস্য তাৎক্ষনিকভাবে সমাধানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হয় কিনা?

**শিশু ক্লাব উন্নয়নের জন্য গৃহীত কার্যক্রমঃ**

শিশু ক্লাব উন্নয়নের জন্য নানা সময়ে নানা ধরণের কার্যক্রম গ্রহণ করতে হতে পারে। যে সকল কার্যক্রম গুলো একটি ক্লাবের উন্নয়নের জন্য করা যেতে পারে সেগুলো নিম্নরূপঃ

- ক্লাবের পরিচালনা কমিটি সহ অন্যান্য সকলের সাথে আলোচনা করা এবং উন্নয়নের বিষয়গুলো চিহ্নিত করা
- ক্লাবের নেতাকে প্রয়োজনীয় প্রশিক্ষণ প্রদান করা
- ক্লাবে প্রয়োজনীয় উপকরণ সময়মত সরবরাহ করা
- ক্লাবের উন্নয়নের জন্য প্রয়োজনীয় পদক্ষেপসমূহ পূর্বেই অফিসে আলোচনা করা
- চিহ্নিত পদক্ষেপসমূহ বাস্তবায়নের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা

**শিশু ক্লাবের স্থায়ীত্ব (সাসটেইনাবিলিটি):**

প্রকল্প চলাকালীন সময়ে প্রকল্পের আর্থিক, কারিগরি ও অন্যান্য সহায়তা এবং কর্মীর নিবিড় তত্ত্বাবধায়নের কারণে শিশু ক্লাবগুলো নিয়মমাফিক চলতে থাকে। সদস্যগণ খেলাধূলা, বই পড়া ও সহপাঠক্রমিক কার্যক্রমের মাধ্যমে নিজেদেরকে ক্লাবের সাথে সম্পৃক্ত রাখে। এছাড়াও, প্রকল্পের মাধ্যমে লিডারশীপ, চাইল্ড প্রটেকশন/সেফগার্ডিং ও নানা রকম দক্ষতা উন্নয়নমূলক প্রশিক্ষণ গ্রহণের মাধ্যমে সদস্যগণ দক্ষতা উন্নয়নের সুযোগ পায়। ফলে তারা প্রকল্পের মেয়াদে কেন্দ্রের সাথে অতপ্রোতভাবে জড়িত থাকে এবং কেন্দ্রের নানা কার্যক্রমে সক্রিয়ভাবে অংশগ্রহণ করে। কিন্তু, অভিজ্ঞতার আলোকে দেখা যায় যে, প্রকল্পের মেয়াদ শেষে অধিকাংশ শিশু ক্লাব অকার্যকর হয়ে পড়ে। সুতরাং, প্রকল্প চলাকালীন সময়ে কার্যক্রমসমূহ এমনভাবে পরিচালিত করতে হবে যেন কেন্দ্রসমূহ প্রকল্পের মেয়াদ শেষে হলেও দীর্ঘদিন কার্যকর থাকতে পারে। একটি শিশু ক্লাবকে যেভাবে টেকসই বা সাসটেইনেবল করা যেতে পারে;

- কমিউনিটিকে সম্পৃক্ত করা যেন সকল সময়ে তারা কেন্দ্রগুলোকে সার্বিকভাবে সহযোগিতা করতে পারে।
- ক্লাবের নেতাকে এমনভাবে দক্ষ করে গড়ে তোলা, যেন সে নিজ থেকেই কোন তত্ত্বাবধায়ন ছাড়া ক্লাবগুলো পরিচালনা করতে পারে
- ক্লাব পরিচালনা কমিটির দক্ষতা উন্নয়ন করা যেন তারা ক্লাবের যে কোন সমস্যা সমাধানসহ অন্যান্য কার্যক্রম পরিচালনা করতে সহায়তা করতে পারে
- সম্ভব হলে অন্যান্য কোন প্রতিষ্ঠানের (স্থানীয় বেসরকারী স্কুল, ক্লাব ইত্যাদি) সাথে ক্লাবটিকে সম্পৃক্ত করা

- স্থানীয় কমিউনিটিকে সক্ষম করে গড়ে তোলা যেন তারা কার্যকরভাবে ক্লাবটি পরিচালিত করার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে পারে।

**বিঃদ্রঃ এই গাইড লাইনটি পরীক্ষামূলকভাবে ব্যবহারের জন্য প্রস্তুত করা হয়েছে। পরীক্ষামূলক ব্যবহারের ফলাফলের উপর ভিত্তি করে গাইডটি পরিমার্জণ করা হবে।**

**সংযুক্তি - ০১: চাইল্ড ক্লাবে বই লেনদেন রেজিষ্টার:**

**প্রতিটি বইয়ের জন্য একটি পৃষ্ঠা থাকতে হবে**

**বইয়ের নাম: নীল পরী ও সাদা পরী, লেখক: আলমগির রহমান**

| ক্রমিক নং | বই গ্রহীতার নাম | বই গ্রহণের তারিখ | স্বাক্ষর | বই ফেরতের তারিখ | নেতা/নেত্রীর স্বাক্ষর |
|---|---|---|---|---|---|
| ০১ | মফিজুর রহমান | ০৯.০৯.২০২১ | | ১৬.০৯.২০২১ | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |

**সংযুক্তি - ০২: অফিসের ডিসপ্লে বোর্ডে চাইল্ড ক্লাব সংক্রান্ত তথ্যের নমুনা:**

| ক্রমিক নং | শিশু ক্লাবের নাম | ক্লাব কোড | পরিচালনাকারী নেতা/নেত্রীর নাম | তত্ত্বাবধায়নকারী কর্মীর নাম | শিশু ক্লাব চলার দিন | শিশু ক্লাব চলার সময় |
|---|---|---|---|---|---|---|
| ০১ | হারগোজ শিশু ক্লাব | ০০৮ | এরিনা রহমান | সোয়েব আকতার | মঙ্গলবার | ০৩.০০ - ০৫.০০ |
| | | | | | | |
| | | | | | | |
| | | | | | | |